

## প্রিন্সুল স্পেশাল এডুকেশন গুরুত্বপূর্ণ পারিভাষা ও শব্দ- সংক্ষেপ

**বিশেষ ব্যবস্থা:** প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের নির্দেশনা ও মূল্যায়নে সম অভিগম্যতা দান করে এমন উপকরণ ও পদ্ধতি প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের জন্য “সমান সুবিধা” তৈরির জন্য পরিকল্পিত এসব বিশেষ ব্যবস্থা সাধারণভাবে নিম্নলিখিত শ্রেণিতে বিভক্ত:

- উপস্থাপনা (যেমন নির্দেশনার পুনরাবৃত্তি);
- সাড়া দেওয়া (যেমন কথা বলার স্থলে ইঙ্গিতে দেখিয়ে দেওয়া);
- সময়/সূচি (যেমন বর্ধিত সময়, ঘন ঘন বিরতি, ইত্যাদি)
- আয়োজন করা (যেমন লাইটিং, সুবিধাজনক আসন, ইত্যাদি);

**বার্ষিক লক্ষ্য:** আপনার সন্তান একবছর সময়সীমায় প্রতিবন্ধিতার ক্ষেত্রগুলোয় কী কী অগ্রগতি অর্জন লাভ করবে বলে প্রত্যাশা করা হয় আইইপিতে লিখিত সেসব লক্ষ্য।

**বার্ষিক পর্যালোচনা:** বছরে কমপক্ষে একবার শিক্ষার্থীর বিশেষ শিক্ষা পরিষেবা ও অগ্রগতি বিষয়ে আইইপি বৈঠকে সম্পন্নকৃত পর্যালোচনা। এসময়ে বিশেষ শিক্ষা কর্মসূচি বা পরিষেবায় পরিবর্তন সুপারিশ করা হতে পারে আবার নাও হতে পারে। প্রিন্সুলের শিক্ষার্থীদের জন্য, এই প্রক্রিয়াটি নিয়ন্ত্রণ করে কমিটি অন প্রিন্সুল স্পেশাল এডুকেশন (সিপিএসই)।

**অ্যাসিসটিভ টেকনলজি ডিভাইস অ্যান্ড সার্ভিসেস:** অ্যাসিসটিভ টেকনলজি ডিভাইস হচ্ছে এমন এক ধরনের সরঞ্জাম, জিনিস বা ব্যবস্থা যা প্রতিবন্ধিতায়ুক্ত একজন শিশুর ক্রিয়া সামর্থ্য বাড়ানো, বজায় রাখা বা উন্নত করার জন্য ব্যবহার করা হয় (যেমন কমিউনিকেশন ডিভাইস, এফএম ইউনিট, কম্পিউটার অ্যাকসেস)। অ্যাসিসটিভ টেকনলজি সার্ভিসেস হচ্ছে এমন সেবা যা প্রতিবন্ধিতায়ুক্ত শিশুকে কোন অ্যাসিসটিভ টেকনলজি নির্বাচন, আয়ত্ত বা ব্যবহার করতে শেখায়। আপনার সন্তানের জন্য আবশ্যিক অ্যাসিসটিভ টেকনলজি বা পরিষেবার কথা তার আইইপিতে উল্লেখ থাকতে হবে।

**বিহেভিয়ার ইন্টারভেনশন প্ল্যান (বিআইপি):** সমস্যা সংশ্লিষ্ট আচরণ মোকাবেলার এমন একটি পরিকল্পনা যার ভিত্তি হলো ফাংশন্যাল বিহেভিওরাল অ্যাসেসমেন্ট (ক্রিয়াশীলতা সংক্রান্ত আচরণগত মূল্যায়ন, এফবিএ), যাতে সমস্যা সংশ্লিষ্ট আচরণের ন্যূনতম একটি বর্ণনা, সমস্যা সংশ্লিষ্ট আচরণের কারণ সম্পর্কে সার্বিক ও সুনির্দিষ্ট অনুমিতি এবং ইতিবাচক আচরণগত সহায়তা, কৌশল ও সহায়তা, কর্মসূচি অভিযোজন, এবং সম্পূর্ণ সহায়তা ও পরিষেবাসহ হস্তক্ষেপ কৌশলগুলো অন্তর্ভুক্ত থাকে, যা সমস্যা সংশ্লিষ্ট আচরণ মোকাবেলায় আবশ্যিক হতে পারে।

**কমিটি অন প্রিন্সুল স্পেশাল এডুকেশন (সিপিএসই):** সিপিএসই ৩-৫ বছর বয়সী প্রিন্সুল শিক্ষার্থীদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয়ের জন্য দায়বদ্ধ। ছেলেমেয়েরা প্রিন্সুল পরিষেবা কোথায় পাচ্ছে, সেটা বিবেচনা ছাড়াই সিপিএসই-গুলো পরিবারসমূহের জন্য তাদের আবাসিক ডিস্ট্রিক্ট-এ পরিষেবা প্রদান করে। সিটির বিভিন্ন স্থানে ১০টি সিপিএসই রয়েছে। প্রতিটি সিপিএসই কমিটি অন স্পেশাল এডুকেশন (সিএসই) নামের একটি বৃহত্তর কমিটির অংশ। একজন চেয়ারপারসন অন্তর্ভুক্ত সিপিএসই-সহ অফিস তত্ত্বাবধান করেন। সিপিএসই-এর সাথে যোগাযোগের তথ্য পাওয়া যেতে পারে <http://schools.nyc.gov/Academics/SpecialEducation/ContactsResources/cse.htm> ওয়েবসাইটে।

**সম্মতি:** সম্মতি অবশ্যই হতে হবে “সন্তোষ” যা পিতামাতার সইয়ের চেয়ে বেশিকিছু আবশ্যিক করে। সন্তোষ স্মৃতি গ্রহণের জন্য নিচে বর্ণিত পদক্ষেপগুলো গ্রহণ করা হয়েছে, যা আইইপি টিম-কে করতে হবে:

- যে-কাজের জন্য সম্মতি চাওয়া হয়েছে সেই ব্যাপারে সব তথ্য পিতামাতাকে তাদের পছন্দের ভাষায় বা অন্য কোন যোগাযোগের উপায়ে অবহিত করতে হবে। উপরন্তু, একজন পিতামাতাকে অবশ্যই সন্তানের কোন রেকর্ড প্রকাশ করা হবে, কার কাছে প্রকাশ করা হবে, সেই বিষয়ে পিতামাতাকে অবহিত করতে হবে। এর অন্তর্ভুক্ত আছে কোন ধরনের পরীক্ষাগ্রহণ করা হবে, যদি আদৌ হয়, এবং কোথায় সেই পরীক্ষা হবে।
- যে কাজের জন্য সম্মতি চাওয়া হয়েছে, পিতামাতাকে অবশ্যই সেটি বুঝে স্বাক্ষর দিয়ে সম্মতি প্রকাশ করতে হবে:
- পিতামাতাকে অবশ্যই সচেতন করতে হবে যে সম্মতি প্রদান করা তাদের জন্যে ঐচ্ছিক এবং যেকোন সময়ে প্রত্যাহার করা যেতে পারে। তবে সম্মতি প্রত্যাহার করা হলে মনে রাখতে হবে যে এই প্রত্যাহার পূর্ব থেকে কার্যকর নয়, অর্থাৎ সম্মতি দেয়ার পর এবং প্রত্যাহারের আগে গৃহীত কোন পদক্ষেপ অকার্যকর করে না।

**বিবর্গিকরণ:** আইপি টিমের নির্ধারণ শিক্ষার্থীর আর বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন নেই।

**ন্যায় প্রক্রিয়া:** আইনের ধারা যা সুপারিশ, মূল্যায়ন এবং ভর্তি প্রক্রিয়াকালে পিতামাতা, শিক্ষার্থী এবং ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অধিকার নিশ্চিত ও রক্ষা করে।

**শুরুতেই হস্তক্ষেপ:** যেসব পরিবারে জন্ম থেকে ৩ বছর বয়সী প্রতিবন্ধিতায়ুক্ত বা বিলম্বিত-বৃদ্ধি ছেলেমেয়ে রয়েছে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ-এর 'শুরুতেই হস্তক্ষেপ' (আরলি ইন্টারভেনশন, ইআই) কর্মসূচি তাদেরকে সহায়তা দেয়।

**যোগ্যতা:** একটি প্রি-স্কুলের ছেলেমেয়ে স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য যোগ্য বিবেচিত হবে যদি তার জ্ঞানগত, ভাষা ও ভাববিনিময়গত, অভিযোজনগত, সমাজ-মানসিক, কিংবা সুস্থ পেশী সঞ্চালনগত ক্ষেত্রে বিলম্ব হয় কিংবা ছেলেমেয়ে যদে প্রবিধানের আওতাধীন অন্য কোন মানদণ্ডের অধীনে যোগ্য বিবেচিত হয়। কোন প্রি-স্কুল শিক্ষার্থী যোগ্য বিবেচিত হলে তাকে তার আইইপি-তে "প্রতিবন্ধিতায়ুক্ত প্রি-স্কুল শিক্ষার্থী" বলে শ্রেণিভুক্ত করা হয়।

**ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (অবৈতনিক যথোপযুক্ত সরকারি শিক্ষা, এফএপিই):** বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবা কর্মসূচি যা সরকারি ব্যয়ে, সরকারি তত্ত্বাবধানে এবং নির্দেশে, এবং পিতামাতাদের বিনাব্যয়ে প্রদান করা হয়।

**ফাংশনাল বিহেভিয়ার অ্যাসেসমেন্ট (এফবিএ):** একটি ব্যবহারিক আচরণগত মূল্যায়ন (ফাংশনাল বিহেভিয়ার অ্যাসেসমেন্ট, এফবিএ) এমন একটি মূল্যায়ন যা কোন শিক্ষার্থীর শিক্ষণপ্রক্রিয়া বাধাগ্রস্ত করে, এমন আচরণের কারণ ও শিক্ষার্থীর সে আচরণ কীভাবে তার পরিবেশের সাথে সম্পর্কযুক্ত, তা নিশ্চিত হতে চায়।

**স্বাস্থ্য পরিষেবা:** স্কুল চলাকালে একজন নার্স অথবা স্বাস্থ্য-সংক্রান্ত আধাপেশাদারের সহায়তা আবশ্যিক হয় এমন চিকিৎসা এবং/অথবা স্বাস্থ্যগত চাহিদায়ুক্ত শিক্ষার্থীদের প্রদত্ত একধরনের সংশ্লিষ্ট পরিষেবা। এসব পরিষেবার উদাহরণ হতে পারে খাওয়ানো, হাঁটাচলায় বা স্থানান্তরণে সাহায্য, শোষণ করা অথবা মূত্রনিষ্কাশনে সাহায্য করা।

**হিয়ারিং এডুকেশন সার্ভিস:** এ পরিষেবা তৈর করা হয়েছে স্পিচ, রিডিং, অডিটরি প্রশিক্ষণ, এবং ভাষাগত উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করে যাতে আদান/প্রদানগত যোগাযোগ দক্ষতাকে স্বাধীন করে।

**ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি):** আইইপি কোন শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্যতার প্রমাণ দেয় এবং স্কুল ব্যবস্থায় শিক্ষার্থীর অনন্য চাহিদার উপযুক্ত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা পরিকল্পনাকে সংগঠিত করে। এতে ছেলেমেয়ের সুনির্দিষ্ট তথ্য এবং এসব চাহিদা পূরণের জন্য তৈরি শিক্ষাগত কর্মসূচি অন্তর্ভুক্ত থাকে, যার মধ্যে আছে:

- একজন শিক্ষার্থীর বর্তমান স্কুল কার্যসম্পাদনা ও লক্ষ্য যা একটি স্কুল বছরে যৌক্তিকভাবে অর্জন করা সম্ভব;
- স্পেশাল এডুকেশন ও সহায়তা পরিষেবা, যার অন্তর্ভুক্ত আছে: কাউন্সেলিং, স্পিচ, অক্যুপেশন্যাল বা ফিজিকেল থেরাপি; প্যারাপ্রফেশন্যালের সহায়তা; সহায়ক প্রযুক্তি; আচরণগত হস্তক্ষেপ ও অভিযোজন;
- প্রতিবন্ধিতাহীন ছেলেমেয়েদের সাথে এবং/অথবা মূলধারার সাথে অংশগ্রহণের সুযোগ;
- কতো তারিখ থেকে, কখন, কতো ঘন ঘন, কোথায় এবং কতো কাল ধরে পরিষেবা প্রদান করা শুরু হবে, তার তারিখ জানার;
- কোন শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপের উপায়।

**ইনডিভিজুয়ালস উইথ ডিসঅ্যাবিলিটিস এডুকেশন ইম্প্রভমেন্ট অ্যাক্ট (আইডিইআইএ):** একটি ফেডারেল আইন যা প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের ৩ বছর বয়স থেকে যে বছর শিক্ষার্থী ২১ বছর হবে অথবা হাই স্কুল ডিপ্লোমা নিয়ে গ্র্যাজুয়েট করছে সেই বছর অবধি ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (এফএপিই) লাভ করার অধিকার দেয়।

**লিস্ট রেস্ট্রিক্টিভ এনভায়রনমেন্ট (এলআরই):** এলআরই-এর অর্থ প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীরা যতোটুকু সম্ভব তাদের অপ্রতিবন্ধী সতীর্থদের শিক্ষালাভ করবে। এর অর্থ প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে বিশেষ ক্লাসে, আলাদা স্কুলে অথবা প্রথাগত শিক্ষা পরিবেশ থেকে কেবল তখনই সরান হয় যখন প্রতিবন্ধিতার প্রকৃতি ও তীব্রতা এত যে এমনকি সম্পূর্ণক সহায়তা ও পরিষেবা ব্যবহারেও সন্তোষজনক শিক্ষালাভ সম্ভব হবে না। স্বল্প নিষেধাত্মক পরিবেশ তাই শিক্ষার্থীবিশেষের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন হয়।

**ব্যবস্থাপনা চাহিদা:** এর অর্থ একজন শিক্ষার্থীর চাহিদাপূরণে কী পরিমাণ প্রাপ্তবয়স্ক তদারকি দরকার এবং পরিবেশগত রদবদল দরকার কিনা। এটা অবশ্যই আইইপিতে উল্লেখ থাকতে হবে।

**অভিযোজন:** এটা পাঠক্রমে পরিবর্তনের বিবরণ দেয়। সংস্থান যেখানে কার্যামোগত অথবা শিক্ষার্থীকে প্রতিবন্ধিতার কারণে সীমিত না করে সহজে অংশগ্রহণে সমর্থ করার জন্য পদ্ধতিগত রদবদল, সংপরিবর্তন সেখানে দুরূহতার স্তর এবং/অথবা বিষয়ের পরিমাণে আরো ব্যাপক পরিবর্তন।

**অকুপেশন্যাল থেরাপি:** এটি শিক্ষার্থীকে লেখাপড়ার সাথে সংশ্লিষ্ট সুক্ষ্ম পেশী সঞ্চালন দক্ষতা ও মুখের পেশী সঞ্চালনসহ অভিযোজন ও ব্যবহারিক দক্ষতা বজায় রাখা, উন্নত করায় সহায়তা করবে।

**অরিমেন্টেশন অ্যান্ড মবিলিটি সার্ভিস:** এসব পরিষেবা তৈরি করা হয়েছে শিক্ষার্থীর স্থান ও পরিবেশগত ধারণা বোধগম্যতা বাড়ানোর এবং দিকনির্ণয় ও যাত্রাপথ স্থির করতে, বজায় রাখতে ও খোঁজে পেতে বিভিন্ন ইন্ড্রিয়ের দ্বারা প্রাপ্ত জ্ঞান (যেমন শব্দ, তাপ, কম্পন) ব্যবহার বৃদ্ধি করার জন্য। এগুলো চোখের সমস্যায় আক্রান্ত শিক্ষার্থীদের প্রদান করা হয়।

**ফিজিক্যাল থেরাপি:** এটি কোন শিক্ষার্থীর কর্মক্ষমতা বজায় রাখা, উন্নত করা বা পুনরুদ্ধার করা, যার মধ্যে আছে বৃহৎ পেশী সঞ্চালনে উন্নতি, চলাফেরা, ভারসাম্য রক্ষা করা ও বিভিন্ন পরিস্থিতিতে সমন্বয়সাধন করা, যার অন্তর্ভুক্ত আছে ক্লাসরুম, জিম, বাথরুম, খেলার মাঠ, সিডি ও ক্লাস থেকে ক্লাসে যাওয়া, তবে তা এতে সীমিত নয়, ইত্যাদি কর্মকাণ্ড ব্যবহার করে।

**সুপারিশ:** এটি হলো বিশেষ শিক্ষা কর্মসূচি ও পরিষেবার সুযোগসুবিধা প্রদানের জন্য আইইপি বৈঠকের সিদ্ধান্ত।

**পুনর্মূল্যায়ন:** এটি প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীর হালনাগাদকৃত মূল্যায়নের কথা বুঝায়। শিক্ষার্থীর শিক্ষক, পিতামাতা অথবা স্কুল ডিস্ট্রিক্ট এই অনুরোধ জানাতে পারেন। বছরে একবারের বেশি পুনর্মূল্যায়ন করা যাবে না যদি না স্কুল ও পিতামাতা অন্যভাবে সম্মত হন।

**সুপারিশ (রেফারাল):** রেফারাল শিক্ষার্থীর প্রতিবন্ধিতা আছে কিনা বা বিশেষ শিক্ষা পরিষেবা আবশ্যিক কিনা নির্ণয়ে মূল্যায়ন এবং প্লেসমেন্ট প্রক্রিয়া শুরু করে।

**সংশ্লিষ্ট পরিষেবা:** প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদেরকে তাদের স্কুলের কর্মসূচিতে অংশগ্রহণে সাহায্য ও সহযোগিতা করার জন্য প্রদত্ত পরিষেবা। এসব পরিষেবা অবশ্যই আইইপিতে সুপারিশকৃত হতে হয় এবং ব্যক্তিগতভাবে অথবা সর্বাধিক পাঁচজনের গ্রুপে প্রদান করা হয়। সহায়তা পরিষেবার মধ্যে আছে: কাউন্সেলিং, স্কুল স্বাস্থ্য পরিষেবা, হেয়ারিং এডুকেশন পরিষেবা, অকুপেশন্যাল থেরাপি, ফিজিক্যাল থেরাপি, স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি, ভিশন এডুকেশন থেরাপি, অরিমেন্টেশন অ্যান্ড মোবিলিটি সার্ভিসেস এবং “অন্যান্য সহায়তা” পরিষেবা।

**অনুরোধকৃত পর্যালোচনা:** শিশুর আইইপি তার চাহিদাপূরণে অব্যাহতভাবে সক্ষম কিনা নির্ণয়ে আইইপি দলের বৈঠক। পিতামাতা, শিক্ষক বা স্কুলের অন্যান্য কর্মকর্তা যেকোন সময়ে এই মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন।

**স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি:** এসব পরিষেবা ছেলেমেয়েরা যেভাবে শব্দ ও ভাষা বুঝতে (বলা হয় অডিটরি প্রসেসিং) পারে, সেভাবে উচ্চারণ অথবা ধ্বনিতাত্ত্বিক দক্ষতা, অর্থ অনুধাবন, বাক্যরীতির ব্যবহার, প্রয়োগরীতি, স্বরোৎপাদন ও সরগরতার মাধ্যমে বুঝতে সহায়তা করে।

**বারো মাসের স্কুল বছরের পরিষেবা (সম্প্রসারিত স্কুলবছর পরিষেবা নামেও পরিচিত):** বারো-মাস স্কুলবছরের পরিষেবা মারাত্মক প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের প্রদান করা হয় যাদের উন্নয়ন স্তরে ব্যাপক ঘাটতি রোধে অব্যাহত পাঠদানের প্রয়োজন রয়েছে। এটা অবশ্যই আইইপি টিম দ্বারা সুপারিশকৃত হতে হবে এবং আইইপি-তে উল্লেখ থাকতে হবে, এবং প্রি-স্কুল শিক্ষার্থীর ক্ষেত্রে সিপিএসইকে অবশ্যই এ ধরনের সুপারিশের কারণ বর্ণনা দিয়ে একটি বিবৃতি অন্তর্ভুক্ত করতে হবে। সম্প্রসারিত বছর পরিষেবার জন্য অবশ্যই পিতামাতার সম্মতি লাগবে।

**দৃশ্য শিক্ষা পরিষেবা:** এসব পরিষেবা তৈরি করা হয়েছে চোখের সমস্যায় আক্রান্ত শিক্ষার্থীকে শিক্ষানির্দেশনা প্রদানের জন্য। তারা ব্রেইল, নেমেথ কোড, বড় অক্ষরে ছাপা, ক্ষীণদৃষ্টিসম্পন্নদের অপটিকেল ও নন-অপটিকেল যন্ত্র এবং অন্যান্য দক্ষতা যা প্রাতিষ্ঠানিক, সামাজিক, কারিগরি ও প্রাত্যহিক অভিযোজন দক্ষতা, সাক্ষরতা ও তথ্যের জন্য স্পর্শানুভূতি, দৃশ্যগত ও শ্রবণগত কৌশল ব্যবহার করে।